গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর
কাজী আলাউদ্দিন রোড, ঢাকা

"মুজিব বর্ষের প্রতিশ্রুতি
সেবা, ত্যাগ ও অগ্রগতি"

স্মারক নং-৫৮.০৩.০০০০.০০২.০৬.০০২.১৬(পার্ট-১) ২৭১৮ তারিখ: ০৯/১১/১৪২৭ বঙ্গাব্দ।
22/02/2021 খ্রিস্টাব্দ।

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের ফেব্রুয়ারি-২০২১ মাসের কার্যাবলীর উপর অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী:

সভাপতি: ব্রিগেডিয়ার জেনারেল মোঃ সাজ্জাদ হোসাইন, এনডিসি, এএফডব্লিউসি, পিএসসি, এমফিল, মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।

তারিখ: ০৩/০২/২০২১ খ্রিঃ।
সময়: সকাল ১১.০০ ঘটিকা।
স্থান: ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, সম্মেলন কক্ষ।
সভায় উপস্থিত কর্মকর্তা/কর্মচারীদের নামের তালিকা "পরিশিষ্ট-ক"।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় অংশগ্রহণকারী অধিদপ্তরের পরিচালক (সকল), প্রকল্প পরিচালক (সকল), উপপরিচালক (সকল), অধ্যক্ষ, ট্রেনিং কমপ্লেক্স, সহকারী পরিচালক (সদর দপ্তর) ও ঢাকা, সহকারী রক্ষণাবেক্ষণ প্রকৌশলী ও সহকারী যোগাযোগ প্রকৌশলীগণ আলোচনায় অংশগ্রহণ করেন এবং আলোচ্য বিষয়ের উপর মতামত প্রদান করেন। অতঃপর বিভিন্ন বিষয়ে সর্বসম্মতভাবে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক্র.নং	বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়নের দায়িত্ব
১.	মুজিববর্ষ উদ্‌যাপন	মুজিবর্ষ উদ্‌যাপনের অংশ হিসেবে গৃহীত কর্মসূচি যথাযথভাবে বাস্তবায়নে যত্নশীল হতে হবে। প্রতিটি বস্তি এলাকা চিহ্নিত করে বস্তিবাসিদেরকে অগ্নিকান্ড ও দুর্ঘটনা সম্বন্ধে প্রতিরোধ এবং সর্তকতা অবলম্বনের নিমিত্ত আগামী মার্চ/২০২১ মাসে বৃহৎ আকারে মহড়া প্রদর্শনের ব্যবস্থা গ্রহণ করতে হবে।	পরিচালক (সকল)
২.	ফায়ার সপ্তাহ-২০২১ পালন	আগামী ৯ এপ্রিল ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স প্রতিষ্ঠাবার্ষিকী পালন, বঙ্গবন্ধু ফায়ার একাডেমি উদ্বোধনসহ "ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স সপ্তাহ-২০২১" উদ্‌যাপন করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। একইসাথে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স সপ্তাহ-২০২১ এ অধিদপ্তরাধীন সকল কর্মকর্তা/কর্মচারীদের যোগ্যতা/দক্ষতা/সাহসিকতা বিবেচনা করে পদক প্রদান করতে হবে।	পরিচালক (সকল)
৩.	প্রকল্পের অগ্রগতি ও পরিদর্শন	বিভিন্ন প্রকল্পের কাজগুলো দ্রুত সম্পন্নের সিদ্ধান্ত নেয়া হয়। আরো কয়েকটি প্রকল্প হাতে নেয়া হয়েছে। যেমন-৮০প্রকল্প, ৪৪ উত্তর প্রকল্প। ডুবুরি ইউনিট বৃদ্ধিসহ ১১ মডার্ণ ফায়ার স্টেশনের গাড়ি পাম্পের সরঞ্জামাদি সংশ্লিষ্ট স্টেশনে সরবরাহ এবং অগ্নিনির্বাপণ সরঞ্জামাদি ক্রয়ের নিমিত্ত দরপত্র আহ্বানের করা হয়। সকল প্রকল্পের কর্মকান্ডগুলো উপপরিচালক ও সহকারী পরিচালক নিয়মিত পরিদর্শন করবেন।	প্রকল্প পরিচালক (সকল)/ উপপরিচালক ও সহকারী পরিচালক
৪.	মামলা নিষ্পত্তি	বিভাগীয় স্বার্থ সংশ্লিষ্ট মামলাগুলি দ্রুততার সাথে নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে।	পরিচালক (প্রশাঃ ও অর্থ)
৫.	হাইড্রেন্ট পয়েন্ট স্থাপন	পুরাতন ঢাকাসহ গুরুত্বপূর্ণ স্থানে অগ্নিকান্ড মোকাবেলার নিমিত্ত হাইড্রেন্ট পয়েন্ট স্থাপন করতে হবে।	পরিচালক (পঃ উঃ প্রঃ)
৬.	পদোন্নতি ও কর্মবন্টন	ওয়্যারহাউজ ইন্সপেক্টর পদ ও সিনিয়র স্টেশন অফিসার পদ সমমান হওয়ায় পদ দুটি পরস্পর বদলিযোগ্য কিনা তা পরীক্ষা করে দেখতে হবে।	পরিচালক (সকল)
৭.	অডিট আপত্তি ও পেনশন কেইস	সকল অডিট আপত্তি ও পেনশন কেইস দ্রুততার সাথে নিষ্পত্তি করতে হবে।	পরিচালক (প্রশাঃ ও অর্থ)
৮.	বঙ্গবন্ধু ফায়ার একাডেমিতে প্রশিক্ষণ	বঙ্গবন্ধু ফায়ার একাডেমি নির্মাণের জমি অধিগ্রহণের পর নির্ধারিত জায়গায় প্রশিক্ষণ শেড তৈরী এবং বঙ্গবন্ধু ফায়ার একাডেমিতে আগামী বছর শুরুতে প্রশিক্ষণ কার্যক্রম শুরু করা জন্য প্রয়োজনীয় ব্যবস্থা নিতে হবে।	পরিচালক (পঃ উঃ প্রঃ)।
৯.	বিটিসিএল লাইন সচল রাখার ব্যবস্থা	এ অধিদপ্তরে নিয়ন্ত্রণ কক্ষে ব্যবহৃত টেলিফোন লাইনটি সবসময় সচল রাখার বিষয়ে মহাপরিচালক, বাংলাদেশ টেলিকমিউনিকেশন্স কোম্পানি লিমিটেড এর বরাবর পত্র প্রেরণ করতে হবে।	পরিচালক (অপাঃ ও মেইনঃ)
১০.	ইনোভেশন কার্যক্রম	ইনোভেশন কার্যক্রমগুলি যথারীতি সম্পন্নের বিষয়ে গুরুত্বের সাথে শেষ করতে হবে।	পরিচালক (সকল)

G:\মিটিং, সভা ও দরবার.docx

১১.	বহিরাগত লোক প্রবেশ নিয়ন্ত্রণ	সেবাপ্রার্থী/দর্শনার্থীদের ভিতরে প্রবেশে অনুমতি প্রদানের পূর্বে আগমনের উদ্দেশ্য বা কোন কর্মকর্তার নিকট গমন করবেন তা জেনে নিতে হবে। এ ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্মকর্তা/তার ব্যক্তিগত কর্মকর্তার নিকট থেকে তা নিশ্চিত হবে।	পরিচালক (অপাঃ ও মেইনঃ)
১২.	বিজ্ঞাপন ও বিজ্ঞপ্তি	টিভি চ্যানেলের মাধ্যমে অগ্নিকান্ড ও দুর্ঘটনা প্রতিরোধ সম্পর্কে বিজ্ঞাপন প্রচার। একইসাথে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে বিজ্ঞপ্তি প্রদান করতে হবে।	পরিচালক (সকল)
১৩.	ফায়ার সেফটি নিশ্চিতকরণ	প্রত্যেক শহরে অবস্থিত বহুতল ভবনগুলোর ফায়ার সেফটি নিশ্চিত করতে হবে।	পরিচালক (অপাঃ ও মেইনঃ)
১৪.	ব্যক্তিগত গাড়ি/ মোটরসাইকেলে ফায়ার স্টিকার/লোগো ব্যবহার	এ বিভাগের সকল কর্মকর্তা/কর্মচারীগণদের ব্যক্তিগত গাড়ি/মোটরসাইকেলে ফায়ার স্টিকার/লোগো লাগানো যাবে না মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। আদেশ অমান্য কারীদের বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	পরিচালক (সকল)
১৫.	ব্যক্তিগত পরিচিতি নম্বর প্রদান	এ বিভাগের সকল কর্মকর্তা/কর্মচারীদের ব্যক্তিগত পরিচিতি নম্বর পদমর্যাদা (১ম, ২য়, ৩য় ও ৪র্থ শ্রেণি) অনুযায়ী জ্যেষ্ঠতার ভিত্তিতে প্রদান করা হবে। কিছুদিন নতুন নম্বর এর সাথে পুরাতন নম্বর ব্যবহার করতে হবে।	পরিচালক (সকল)
১৬.	শেড নির্মাণ	গাড়ি/ইকুপমেন্টস রাখার জন্য প্রত্যেক বিভাগ ও প্রয়োজনীয় স্টেশনে শেড নির্মাণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে।	পরিচালক (পঃ উঃ প্রঃ)
১৭.	মালামাল ক্রয়	সকল প্রকার মালামাল ও মেরামত কাজ কোটেশনের মাধ্যমে ক্রয়ে নিরুৎসাহিত করা হলো, তবে জরুরি প্রয়োজনে মালামালে কোটেশনের মাধ্যমে ক্রয় এবং টেন্ডারের মাধ্যমে বছরে একাধিকবার মালামাল ক্রয় করা যেতে পারে।	পরিচালক (সকল)
১৮.	ভলান্টিয়ারের প্রশিক্ষণ	আর্ন্তজাতিক ভলান্টিয়ার দিবস পালন করা যায় কিনা তার সম্ভ্যতা যাচাই করার জন্য পত্র প্রেরণসহ ভলান্টিয়ারদের বিভাগ/জেলা/উপজেলা এবং সকল স্টেশন পর্যায়ে কমপক্ষে ১০০ জন করে প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করতে হবে।	পরিচালক (পঃ উঃ প্রঃ)
১৯.	আইন শৃঙ্খলা	এ বিভাগের কর্মরত কর্মকর্তা/কর্মচারীগণ আইন শৃঙ্খলা বহির্ভূত কাজ করলে তার বিরুদ্ধে বিধি মোতাবেক কঠোর ব্যবস্থা নেয়া যেতে পারে।	পরিচালক (প্রশাঃ ও অর্থ)
২০.	দিবস সমূহ উদ্‌যাপন	এ বিভাগের সকল দপ্তর ও স্টেশন সমূহে দিবস ও উৎসবগুলো যথাযথ মর্যাদা, তাৎপর্য ও গুরুত্বের সহিত উদ্‌যাপন করতে হবে। দিবস সমূহ: ১) মহান স্বাধীনতা/জাতীয় দিবস ২) মহান বিজয় দিবস ৩) ঈদুল ফিতর ৪) ঈদুল আযহা এবং ৫) এ বিভাগের প্রতিষ্ঠা বার্ষিকী।	পরিচালক (সকল)
২১.	র‍্যাংক ব্যাজ প্রদান	গ্রেড অনুযায়ী র‍্যাংক ব্যাজ প্রদান ও ড্রাইভারদের চাকরি জ্যেষ্ঠতার ভিত্তিতে র‍্যাংক ব্যাজ প্রদান করতে হবে।	পরিচালক (সকল)
২২.	বিশেষায়িত কোর্সে পোষ্যদের সুবিধা প্রদান	ফায়ার সেফটি ম্যানেজার ও ফায়ার সায়েন্স এন্ড অকুপেশনাল সেফটি কোর্সে ভর্তি ফি প্রদানের ক্ষেত্রে পোষ্যদের ৩০% অথবা ৫০% হারে দেয়া যায় কিনা সে বিষয়ে সম্ভাব্যতা যাচাইান্তে ব্যবস্থা নিতে হবে।	পরিচালক (পঃ উঃ প্রঃ)
২৩.	সাজসরঞ্জামের উপর প্রশিক্ষণের ব্যবস্থা	অগ্নিদুর্ঘটনা ও উদ্ধার কাজের সাজসরঞ্জাম ব্যবহারের উপর দক্ষতা অর্জনের নিমিত্ত অপারেশনাল কাজে নিয়োজিত কর্মকর্তা/কর্মচারীদের বিশেষ প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা গ্রহণ করতে হবে।	পরিচালক (পঃ উঃ প্রঃ)
২৪.	বেতন নির্ধারণ	এ অধিদপ্তরাধীন ফায়ারফাইটারগণের বেতন নির্ধারণের জন্য যথাযথভাবে প্রয়োজনীয় কার্যক্রম গুলো সম্পন্ন করতে হবে।	পরিচালক (প্রশাঃ ও অর্থ)
২৫.	অ্যাম্বুলেন্স সেবার প্রদান	এ অধিদপ্তরাধীন সকল কর্মকর্তা ও কর্মচারীদের (কর্মরত ও অবসরপ্রাপ্ত) পিতা-মাতা, স্ত্রী/স্বামী ও সন্তানদের অসুস্থতাজনিতকারণে জরুরি চিকিৎসা সেবা নিশ্চিতকল্পে গমনাগমনে অ্যাম্বুলেন্স সেবা বিনামূল্যে প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা নেয়া যেতে পারে।	পরিচালক (অপাঃ ও মেইনঃ)
২৬.	করোনা ভাইরাস বিষয়ে আলোচনা	বিশ্বব্যাপী করোনা ভাইরাসের সেকেন্ড ওয়েভ বা দ্বিতীয় ঢেউয়ের প্রাদুর্ভাব দেখা দেওয়ার প্রেক্ষিতে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরাধীন সকলকে বাইরে থেকে এসে, খাবার আগে ও পরে হ্যান্ডওয়াশ/সাবান দিয়ে হাত ভালোভাবে ধুয়ে নিতে হবে। হাত না ধুয়ে মুখ, চোখ ও নাক স্পর্শ করা যাবে না। মাস্ক পরিধান ও সামাজিক দূরত্ব বজায় রাখতে হবে। সর্বোপরি নিজেদের করোনা ভাইরাস হতে সচেতন থাকতে হবে এবং পরিবারের সুরক্ষার জন্য নিরাপত্তামূলক প্রয়োজনীয় সকল ব্যবস্থা গ্রহণে করতে হবে।	পরিচালক (সকল)

ব্রিগেডিয়ার জেনারেল
মোঃ সাজ্জাদ হোসাইন, এনডিসি, এএফডব্লিউসি, পিএসসি, এমফিল
মহাপরিচালক

স্মারক নং- ৫৮.০৩.০০০০.০০২.০৬.০০২.১৬(পার্ট-১) ২৭৬৮ (৮০০) তারিখ: ০৯/১১/১৪২৯ বঙ্গাব্দ। 22/02/2023 খ্রিস্টাব্দ।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলো:

১. পরিচালক (প্রশাঃ ও অর্থ/অপাঃ ও মেইনঃ/পঃ উঃ প্রঃ), ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
২. প্রকল্প পরিচালক (১৫৬/২৫/১১ মর্ডাণ/সেফার প্রজেক্ট/ডুবুরি ইউনিট প্রকল্প), ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
৩. উপপরিচালক (প্রশাঃ ও অর্থ/পরিকল্পনা কোষ/অ্যাম্বুলেন্স/উন্নয়ন/অপারেশন), ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
৪. অধ্যক্ষ, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স ট্রেনিং কমপ্লেক্স, মিরপুর, ঢাকা।
৫. উপপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/সিলেট/খুলনা/বরিশাল/রংপুর/ময়মনসিংহ।
৬. সহকারী পরিচালক (প্রশাঃ ও অর্থ/ক্রয় ও স্টোর/অপারেশন/ওয়্যারহাউজ ও ফায়ার প্রিভেনশন/পরিকল্পনা/উন্নয়ন/প্রশিক্ষণ), ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
৭. সহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, ...(সকল)।
৮. সহকারী রক্ষণাবেক্ষন প্রকৌশলী, কেন্দ্রীয় কারিগরি কারখানা, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
৯. উপসহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স,..(সকল)।
১০. সহকারী যোগাযোগ প্রকৌশলী (বেতার), ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
১১. ফোরম্যান, কেন্দ্রীয় কারিগরি কারখানা, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
১২. সিনিয়র স্টাফ অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা। মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য
১৩. উপসহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, জোন- ১/ ২/ ৩/ ৪/ ৫/ ৬/ ৭/ ৮/ ৯।
১৪. ভারপ্রাপ্ত কর্মকর্তা, কেন্দ্রীয় নিয়ন্ত্রণ কক্ষ, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
১৫. ভারপ্রাপ্ত কর্মকর্তা, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, মিডিয়া সেল/আইসিটি সেল/রিফর্ম সেল।
১৬. সিনিয়র স্টেশন অফিসার/স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন, ...(সকল)।
১৭. সুপার/সেকশন ইনচার্জ..., ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
১৮. এ অধিদপ্তরের গার্ড ফাইল/হিসাব/বাসাবরাদ্দ/নিয়োগ/বদলি/বিভাগীয় কল্যাণ তহবিল/আইসিটি সেল/রেকর্ড/এইচআরএম/ডাটাএন্ট্রি/এসিআর/ট্রেনিং/ছুটি/তদন্ত/অপারেশন/রেশন/পেনশন/ফায়ার সার্ভিস ওয়েলফেয়ার ট্রাস্ট/বৈদেশিক ক্রয়/ক্রয় ও স্টোর/পত্র গ্রহণ ও বিতরণ/ওয়্যারহাউজ/পরিকল্পনা/অ্যাম্বুলেন্স/উন্নয়ন/ফায়ার এন্ড সেফটি সেল শাখা।

শামীম আহসান চৌধুরী
উপপরিচালক (প্রশাঃ ও অর্থ)
ফোনঃ ৯৫৫৭৫৭৯

ড:\মিটিং, সভা ও দরবার.docx